# NYC পাবলিক স্কুলস্ (NYCPS)
# 2025-2026 শিক্ষা বছরের ক্যালেন্ডার

3-K থেকে 12 গ্রেডের NYCPS স্কুলগুলোর জন্য এটি 2025–26 শিক্ষা বছরের ক্যালেন্ডার। আপনার সন্তান যদি কোনো বেসরকারি, ধর্মীয়, চার্টার স্কুল, NYC আর্লি এডুকেশন সেন্টার (NYCEEC) বা ফ্যামিলি চাইল্ডকেয়ার প্রোগ্রামে থাকে, তাহলে তার ক্যালেন্ডার সংক্রান্ত তথ্যের জন্য অনুগ্রহ করে আপনার সন্তানের স্কুলের সাথে যোগাযোগ করুন। অনুগ্রহ করে নিচে উল্লেখিত বিষয়গুলো লক্ষ্য করুন:

- দুর্যোগপূর্ণ আবহাওয়া অথবা অন্যান্য জরুরি পরিস্থিতিতে, যে দিনগুলোতে স্কুল ভবনগুলো বন্ধ থাকে, সেই দিনগুলোতে সকল শিক্ষার্থী ও পরিবারেদের দূর থেকে শিক্ষায় (রিমোট লার্নিং) অংশগ্রহণের জন্য পরিকল্পনা করা উচিত।
- নিচে দেয়া তারিখগুলো থেকে কোনো স্কুলের নিজস্ব প্যারেন্ট-টিচার কনফারেন্সের তারিখ ভিন্ন হতে পারে। আপনার বৈঠক বা কনফারেন্স সময়সূচি করার জন্য আপনার সন্তানের শিক্ষক আপনার সাথে কাজ করবেন।
- এই সময়সূচিতে **এলেমেন্টারি স্কুলগুলোকে** কিন্ডারগার্টেন (K) থেকে 8 (আট) গ্রেড পর্যন্ত পরিষেবাদানকারী প্রোগ্রাম হিসেবে সংজ্ঞায়িত করা হয়েছে, এতে অন্তর্ভুক্ত 3-K এবং প্রি-K প্রোগ্রামসমূহ, এবং এর পাশাপাশি সেসব প্রোগ্রাম যেগুলো 5 গ্রেডে শেষ হয়। **মিডল্ স্কুলগুলোকে** 6–8 গ্রেডগুলোকে পরিষেবা প্রদানকারী প্রোগ্রাম হিসেবে সংজ্ঞায়িত করা হয়েছে, এবং **হাই স্কুলগুলোকে** 9–12 গ্রেডগুলোকে পরিষেবা প্রদানকারী প্রোগ্রাম হিসেবে সংজ্ঞায়িত করা হয়েছে। **6-12 স্কুলগুলো** বিভিন্ন প্রোগ্রাম হিসেবে সংজ্ঞায়িত হয় যেগুলো কোনও স্কুলের শুধু 6-12 গ্রেডে পরিষেবা প্রদান করে।

| তারিখ | স্কুলদিবস | কার্যক্রম |
|---|---|---|
| **4 সেপ্টেম্বর** | **বৃহস্পতিবার** | **স্কুলের প্রথম দিন** |
| 17 সেপ্টেম্বর | বুধবার | এলিমেন্টারি স্কুল এবং প্রি–K সেন্টারগুলোতে সান্ধ্যকালীন প্যারেন্ট-টিচার কনফারেন্স |
| 18 সেপ্টেম্বর | বৃহস্পতিবার | মিডল্ স্কুল এবং D75-এর স্কুলগুলোর জন্য সান্ধ্যকালীন প্যারেন্ট টিচার কনফারেন্স |
| 23–24 সেপ্টেম্বর | মঙ্গলবার–বুধবার | রশ হাশানাহ, স্কুল বন্ধ |
| 25 সেপ্টেম্বর | বৃহস্পতিবার | হাই স্কুল, K–12 এবং 6– 12 গ্রেডের স্কুলগুলোর জন্য সান্ধ্যকালীন প্যারেন্ট-টিচার কনফারেন্স |
| 2 অক্টোবর | বৃহস্পতিবার | ইয়ম কিপুর, স্কুল ছুটি |
| 13 অক্টোবর | সোমবার | ইটালিয়ান ঐতিহ্য দিবস (হেরিটেজ ডে)/ইনডিজিনাস্ পিপলস্ ডে (আদিবাসী দিবস), স্কুল বন্ধ |
| 20 অক্টোবর | সোমবার | দিওয়ালি, স্কুল বন্ধ |
| 4 নভেম্বর | মঙ্গলবার | ইলেকশন ডে (নির্বাচন দিবস); শিক্ষার্থীরা স্কুলে আসবে না |
| 6 নভেম্বর | বৃহস্পতিবার | এলিমেন্টারি স্কুলগুলোর জন্য বৈকালিক ও সান্ধ্যকালীন প্যারেন্ট-টিচার কনফারেন্স; এই স্কুলগুলোর শিক্ষার্থীদের তিন ঘন্টা আগে ছুটি দেয়া হবে |
| 11 নভেম্বর | মঙ্গলবার | ভেটেরান্স ডে, স্কুল বন্ধ |
| 13 নভেম্বর | বৃহস্পতিবার | মিডল্ স্কুল এবং D75 স্কুলগুলোর জন্য বৈকালিক ও সান্ধ্যকালীন প্যারেন্ট-টিচার কনফারেন্স, এই স্কুলগুলোর শিক্ষার্থীদের তিন ঘন্টা আগে ছুটি দেয়া হবে |
| 20 নভেম্বর | বৃহস্পতিবার | হাই স্কুল, K–12 এবং 6– 12 গ্রেডের স্কুলগুলোর জন্য সান্ধ্যকালীন প্যারেন্ট-টিচার কনফারেন্স |

| | | |
|---|---|---|
| 21 নভেম্বর | শুক্রবার | হাই স্কুল, K–12 ও 6–12 স্কুলগুলোর জন্য সান্ধ্যকালীন প্যারেন্ট - টিচার কনফারেন্স; এই স্কুলগুলোর শিক্ষার্থীদের তিন ঘন্টা আগে ছুটি দেয়া হবে |
| 27-28 নভেম্বর | বৃহস্পতিবার–শুক্রবার | থ্যাংক্সগিভিংয়ের ছুটি, স্কুল বন্ধ |
| 24 ডিসেম্বর–2 জানুয়ারি | বুধবার–শুক্রবার | শীতকালীন ছুটি, স্কুল বন্ধ |
| 19 জানুয়ারি | সোমবার | রেভারেন্ড ড. মার্টিন লুথার কিং জুনিয়র ডে, স্কুল ছুটি |
| 20-23 জানুয়ারি | মঙ্গলবার–শুক্রবার | রিজেন্টস্ পরীক্ষা গ্রহণ |
| 26 জানুয়ারি | সোমবার | পেশাগত উন্নয়ন দিবস; শুধুমাত্র 6-12 গ্রেডের পরিষেবা প্রদানকারী স্কুল ও হাই স্কুল শিক্ষার্থীর জন্য স্কুল ছুটি। অন্য শিক্ষার্থীরা স্কুলে আসবে। |
| 27 জানুয়ারি | মঙ্গলবার | স্প্রিং (বসন্ত) সেমিস্টারের শুরু |
| 16–20 ফেব্রুয়ারি | সোমবার–শুক্রবার | মধ্য শীতের ছুটি, স্কুল বন্ধ |
| 5 মার্চ | বৃহস্পতিবার | এলিমেন্টারি স্কুল এবং প্রি–K সেন্টারগুলোতে বৈকালিক ও সান্ধ্যকালীন প্যারেন্ট-টিচার কনফারেন্স; এই স্কুলগুলোর শিক্ষার্থীদের তিন ঘন্টা আগে ছুটি দেয়া হবে |
| 12 মার্চ | বৃহস্পতিবার | মিডল্ স্কুল এবং D75 স্কুলগুলোর জন্য বৈকালিক ও সান্ধ্যকালীন প্যারেন্ট-টিচার কনফারেন্স; এই স্কুলগুলোর শিক্ষার্থীদের তিন ঘন্টা আগে ছুটি দেয়া হবে |
| 18 মার্চ | বুধবার | হাই স্কুল, K–12 এবং 6– 12 গ্রেডের স্কুলগুলোর জন্য সান্ধ্যকালীন প্যারেন্ট-টিচার কনফারেন্স |
| 19 মার্চ | বৃহস্পতিবার | হাই স্কুল, K–12 ও 6–12 স্কুলগুলোর জন্য সান্ধ্যকালীন প্যারেন্ট - টিচার কনফারেন্স; এই স্কুলগুলোর শিক্ষার্থীদের তিন ঘন্টা আগে ছুটি দেয়া হবে |
| 20 মার্চ | শুক্রবার | ঈদ-উল ফিতর, স্কুল ছুটি |
| 2–10 এপ্রিল | বৃহস্পতিবার – শুক্রবার | বসন্তকালীন (স্প্রীং) ছুটি; (স্কুল বন্ধ) |
| 7 মে | বৃহস্পতিবার | এলিমেন্টারি স্কুল এবং প্রি–K সেন্টারগুলোতে সান্ধ্যকালীন প্যারেন্ট-টিচার কনফারেন্স |
| 14 মে | বৃহস্পতিবার | মিডল্ স্কুল এবং D75-এর স্কুলগুলোর জন্য সান্ধ্যকালীন প্যারেন্ট টিচার কনফারেন্স |
| 21 মে | বৃহস্পতিবার | হাই স্কুল, K–12 এবং 6– 12 গ্রেডের স্কুলগুলোর জন্য সান্ধ্যকালীন প্যারেন্ট-টিচার কনফারেন্স |
| 25 মে | সোমবার | মেমোরিয়াল ডে, স্কুল ছুটি |
| 27 মে | বুধবার | ঈদ-উল আযহা; স্কুল ছুটি |
| 4 জুন | বৃহস্পতিবার | অ্যানিভারসারি ডে/কর্মী উন্নয়নের জন্য চ্যান্সেলরের কনফারেন্স ডে, শিক্ষার্থীরা স্কুলে উপস্থিত হবে না |
| 5 জুন | শুক্রবার | ক্ল্যারিকাল ডে; 3K, প্রি-K, এলিমেন্টারি স্কুল, মিডল্ স্কুল, K–12 স্কুল, এবং স্বনির্ভর D75 প্রোগ্রামগুলোতে অংশগ্রহণকারী শিক্ষার্থীর জন্য ছুটি |
| 17–26 জুন | বুধবার – শুক্রবার | রিজেন্টস্ পরীক্ষা গ্রহণ (19 জুন কোনও পরীক্ষা গ্রহণ করা হবে না) |
| 19 জুন | শুক্রবার | জুনটিনথ্, স্কুল ছুটি |
| **26 জুন** | **শুক্রবার** | **শিক্ষার্থীদের জন্য স্কুলের শেষ দিন** |